


২৭৬


মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী এ মন্ত্রণালয়ের প্রশাসন-১ অধিশাখা কর্তৃক প্রদত্ত সেবার কার্যক্রম (জুলাই/২০ হতে সেপ্টেম্বর/২০) পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণের আলোকে প্রতিবেদন নিম্নরূপ:


ক্র: নং	পণ্য/সেবার নাম	পর্যবেক্ষণ প্রতিবেদন
১	বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য <b>Secretariat Entry Pass</b> প্রদান	নথিতে বিদ্যামন আবেদনসমূহ যাচাই করে দেখা যায় যে, ২০২০ সালের জুলাই-সেপ্টেম্বর পর্যন্ত মোট ০৭ আবেদন পাওয়া গেছে। তন্মধ্যে ০৫টি আবেদন প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ব্যবস্থা গ্রহণের জন্য সিটিজেনস চার্টারে উল্লেখিত নির্ধারিত সময়ে জননিরাপত্তা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ০১টি আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজাদি সংযুক্ত না থাকায় সেবা প্রদানের নির্ধারিত সময়ের পর প্রেরণ করা হয়েছে এবং অপর ০১টি আবেদন নির্ধারিত সময় ০৩ কর্মদিবসের পরিবর্তে ০৭ কর্মদিবসে সম্পন্ন হয়।
২	মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর সংক্রান্ত	সংশ্লিষ্ট নথি পর্যালোচনায় দেখা যায়, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের উপ-পরিচালক তাঁর সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম উত্তোলনের জন্য আবেদন করেন। সিটিজেনস চার্টারের নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান করা সম্ভব হয়েছে।
৩	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের অফিস টেলিফোন সংক্রান্ত	নথিতে রক্ষিত জুলাই-সেপ্টেম্বর/২০২০ সময়ের আবেদনসমূহ যাচাই করা হয়। বিবেচসময়ে ০২টি আবেদন পাওয়া যায় তন্মধ্যে ০১ টি আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিম্পন্ন হয় অপর আবেদনটি মাননীয় মন্ত্রীর দপ্তরের কক্ষ পরিবর্তনজনিত কারণে বিলম্ব হয়।
৪	সরকারি আবাসিক টেলিফোন মঞ্জুরি, খাত পরিবর্তন, ব্যক্তিগতকরণ, নগদায়নভাত্তা প্রদান	জুলাই-সেপ্টেম্বর/২০২০ পর্যন্ত নথিতে এ সংক্রান্ত কোন আবেদন পাওয়া যায়নি।

**সুপারিশ:** ভবিষ্যতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) মোতাবেক প্রশাসন-১ অধিশাখা কর্তৃক প্রদত্ত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের জন্য শাখা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।

  
০১/০২/২০২১  
(মো: আব্দুর রহমান)

উপসচিব  
ও  
সদস্য  
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি

  
০১/০২/২১  
(নূর মোহাম্মদ)  
প্রোগ্রামার  
ও  
সদস্য সচিব  
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি

  
০১/০২/২১  
(সুবোল ইসমাইল)  
অতিরিক্ত সচিব  
ও  
আহবায়ক  
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি